

এনএইচএস শৈশব মৌসুমী ফ্লু টিকাদানের প্রোগ্রাম

**আপনার শিশু কি তার বার্ষিক ফ্লুয়ের টিকা গ্রহণ করেছে? এই টিকা আপনার শিশু কে ফ্লু থেকে সুরক্ষিত রাখতে সাহায্য করে।**

# ফ্লু আক্রান্ত হবার আগেই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন

প্রায়ই বাচ্চারা খুবই সহজে একে অপরকে এবং পরিবারের মাঝে ফ্লু ছড়ায়।

**জন্য একটি বিনামূল্য নেজাল স্প্রে রূপি ফ্লুয়ের টিকা লভ্য রয়েছে**

আপনার সন্তানকে যোগ্য বলে গণ্য করা হয় কিনা তা জানার জন্য আপনার ডাক্তার, নার্স বা ফার্মাসিস্ট-এর সঙ্গে কথা বলুন।

যদি একটি শিশুকে নেজাল স্প্রে ফ্লু টিকা গ্রহণ করার জন্য যোগ্য বলে গণ্য না করা হয় তাহলে তাদেরকে একটি বিকল্প ইনজেকশনের মাধ্যমে টিকা গ্রহণ করার প্রস্তাব দেওয়া যেতে পারে। এই প্রচারপত্রটি হচ্ছে স্বাস্থ্য পরিষেবার পেশাজীবীদের জন্য যা তারা বাবা-মাদের অথবা অভিভাবকদের প্রদান করতে পারেন। তবে এটা টিকার সঙ্গে প্রদান করা পেশেন্ট ইনফরমেশন লিফলেটের পরিবর্তে ব্যবহার করার জন্য নয়।

# আপনার শিশুর জন্য নেজাল স্প্রে রূপি ফ্লু টিকার নিরাপত্তা


অধিকাংশ ছেলে মেয়েরা এই নেজাল স্প্রে রূপি ফ্লুয়ের টিকাকে খুবই ভালোভাবে সহ্য করতে পারে কিন্তু তাদের মধ্যে কেউ কেউ হয়তো পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করতে পারেন। পার্শ্ব প্রতিক্রিয়াগুলোর বিষয়ে আরও বিস্তারিত তথ্য জানার জন্য অনুগ্রহ করে www.sharegoodtimesnotflu.co.uk বা টিকার সাথে প্রদান করা পেশেন্ট ইনফরমেশন লিফলেটটি দেখুন।

যদি আপনি কোন পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করেন তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। এতে এমন সকল সম্ভাবিত পার্শ্ব প্রতিক্রিয়া ও অন্তর্ভুক্ত রয়েছে যেগুলো কে প্যাকেজের লিফলেটে তালিকাভুক্ত করা হয় নি। www.mhra.gov.uk/yellowcard-এ গিয়ে ইয়েলো কার্ড স্কিমের মাধ্যমে আপনি সরাসরি পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কে রিপোর্ট করতে পারেন। পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কে রিপোর্ট করে আপনি এই ওষুধের নিরাপত্তার বিষয়ে আরো তথ্য প্রদান করতে সাহায্য করছেন।

## এই টিকা কিভাবে দেওয়া হয়?



একজন নার্স বা ডাক্তার নাকের ফুটোয় একটি পাতলা প্লাস্টিক টিউবের টিপ রাখেন।



নাকের ভিতরে গুঁড়ি গুঁড়ি ফোঁটার মিস্ট স্প্রে করা হয়।



তার পর নাকের অন্য ফুটোয় আবার একই প্রক্রিয়া পুনরায় করা হয়।

যদি কোন শিশু কে নেজাল স্প্রে রূপি ফ্লুয়ের টিকা গ্রহণ করার জন্য অযোগ্য বলে গণ্য করা হয় তাহলে তাদের বিকল্প হিসেবে ইনজেকশনের মাধ্যমে টিকা নেয়ার প্রস্তাব দেওয়া হবে।

**www.sharegoodtimesnotflu.co.uk**



**এটি একটি নেজাল স্প্রে, কোন ইনজেকশন নয়**

# ফ্লু থেকে সুরক্ষিত থাকার জন্য সালিয়ানা আপনার শিশু কে টিকা দিন

ফ্লুয়ের টিকা আপনার শিশু কে তার স্বাভাবিক রোগ প্রতিরক্ষার ক্ষমতা গড়ে তুলতে সাহায্য করে, যাতে করে ফ্লুয়ের ভাইরাসগুলোর সংস্পর্শে আসলে সে আরো বেশি ভালোভাবে সেই সংক্রমণের বিরুদ্ধে লড়তে পারবে।

যেহেতু ফ্লুয়ের ভাইরাসগুলো খুবই চালাক এবং ক্রমাগত পরিবর্তিত হতে থাকে সেহেতু প্রতি বছর বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ওয়ার্ল্ড হেলথ অরগনাইজেশন) (ডাব্লুএইচও) সুপারিশ করে যে আগামী ফ্লু মৌসমের জন্য ফ্লুয়ের টিকায় কোন কোন ধরনের ভাইরাসের স্ট্রেনগুলো কে ব্যবহার করা উচিত –কেননা টিকাগুলো কে অনেক আগে থেকে তৈরি করে রাখতে হয়। এর অর্থ হল যে আপনার শিশুর প্রতি বছর নতুন ফ্লুয়ের টিকা দরকার হবে।

বাতাবরণে কোন ধরনের ফ্লুয়ের ভাইরাসের প্রকোপ রয়েছে এবং টিকায় কী আছে তাদের মধ্যে কতটা ভালো মেল হয় তার উপর ভিত্তি করে বছরে – বছরে ফ্লুয়ের টিকা'র কার্যকারিতা পরিবর্তিত হয়। ২০১৩ সালে যবে থেকে কার্যক্রমটি শুরু করা হয়েছে তবে থেকে পাবলিক হেলথ ইংল্যান্ড (পিএইচই) ক্রমাগত শৈশব ইনফ্লুয়েঞ্জা টিকা প্রোগ্রামর একটি অংশ হিসেবে নেজাল স্প্রে রূপি ফ্লুয়ের টিকা দেওয়ার সুপারিশ করে এসেছে।

ইংল্যান্ডে 2019/20 মৌসুমে, স্কুলে (রিসেপশন এবং ইয়ার 1-6) 4,764,192 যোগ্য ছেলে-মেয়েদের মধ্যে 2,876,531 ছেলে-মেয়েদেরকে ইনফ্লুয়েঞ্জার টিকা দেওয়া হয়েছিল।* এর অর্থ হচ্ছে যে 2018/19 (রিসেপশন এবং ইয়ার 1-5) সালে 60.8%-এর তুলনায় এই গ্রুপের 60.4% যোগ্য ছেলে-মেয়েদেরকে টিকা দেওয়া হয়েছিল।

জিপি'র সার্জারিতে টিকা দেওয়া হয় এমন সকল 2-3 বছর বয়সী শিশুদের ক্ষেত্রে অনুমানিত করা হয় যে 2019/20 মৌসুমে 1,346,654 যোগ্য ছেলে-মেয়েদের মধ্যে 590,041 ছেলে-মেয়েদেরকে ইনফ্লুয়েঞ্জার টিকা* দেওয়া হয়েছিল। এর অর্থ হচ্ছে যে এই গ্রুপে 43.8% যোগ্য ছেলে-মেয়েদেরকে টিকা দেওয়া হয়েছিল। এর তুলনায় 2018/19 সালে 44.9% কে টিকা দেওয়া হয়েছিল।



*উল্লিখিত সংখ্যার গণনায় এমন সকল ছেলে মেয়েরা শামিল রয়েছে যারা হয় নেজাল স্প্রে রূপি টিকা পেয়েছে নতুবা নেজাল স্প্রে রূপি টিকা গ্রহণ করার জন্য অযোগ্য বলে গণ্য হওয়ার কারণে ইনজেকশনের মাধ্যমে টিকাটি গ্রহণ করেছে।

# আমার শিশু কে ফ্লু থেকে কেন সুরক্ষিত রাখা দরকার?

শিশু এবং তার পরিবার উভয়ের জন্য ফ্লু খুবই কষ্টকর হতে পারে – সুস্থ হয়ে উঠতে ৭ দিন পর্যন্ত সময় লাগতে পারে, যার অর্থ হল যে কাজ থেকে ছুটি নেয়ার দরকার হবে এবং শিশুদের দেখাশোনার জন্য আয়োজিত ব্যবস্থাগুলো ও এর ফলে প্রভাবিত হবে।

একটি অধ্যয়নের মাধ্যমে দেখা গেছে যে অন্য কোন বয়সের ছেলে মেয়েদের তুলনায় ৫ বছরের চেয়ে কম বয়সী ছেলে মেয়েদেরকে ফ্লুয়ের জন্য সম্ভবত বেশি হাসপাতালে ভর্তি করতে হয়।

ছেলে-মেয়েরা খুবই সহজে ফ্লু ছড়াতে পারে – এই রোগটি এক শিশু থেকে আরেক শিশু পর্যন্ত এবং পরিবারে মাঝে ও ছড়াতে পারে।

আপনার শিশু কে ফ্লুয়ের টিকা দিয়ে আপনি তাদের সুরক্ষিত থাকতে সাহায্য করছেন এবং আপনার এই পদক্ষেপের ফলে ফ্লু ভাইরাস ছড়ানোর সম্ভাবনা আরো অনেক বেশি কঠিন হয়ে যাবে।



# ফ্লু বনাম সাধারণ সর্দি কাশি

ফ্লু এবং সাধারণ সর্দি কাশির লক্ষণগুলো একই রকমের হয় সুতরাং কেবল লক্ষণের ভিত্তিতে এদের মধ্যে পার্থক্য করা কঠিন হতে পারে।প্রকৃতপক্ষে এগুলো আলাদা-আলাদা ভাইরাসজনিত রোগ এবং সাধারণ সর্দি কাশির তুলনায় ফ্লু অনেক বেশি খারাপ হতে পারে এবং লক্ষণগুলোও আরো তীব্র হতে পারে কিন্তু সর্দি কাশি'র ক্ষেত্রে লক্ষণগুলো সাধারণত অনেক হালকা হয়। ফ্লু আক্রান্ত ছেলে-মেয়েদের মধ্যে খেলাধুলা করার শক্তি বা ইচ্ছা থাকবে না এবং তারা সাধারণের চেয়ে অনেক বেশি বিছানায় শুয়ে থাকতে চাইবে। সর্দি কাশি আক্রান্ত কোন ব্যক্তি'র নাক থেকে সাধারণত সর্দি বইতে থাকে নতুবা তার নাক বন্ধ থাকে।

| সঙ্কেত এবং লক্ষণ | ফ্লু | সর্দি কাশি |
|---|---|---|
| **লক্ষণ কত দ্রুত দেখা দেয়** | **আকস্মিক** | **ধীরে ধীরে** |
| জ্বর | সাধারণ | বিরল |
| ব্যাথা | সাধারণ | হালকা |
| কাঁপুনি | বেশ সাধারণ | অসাধারণ |
| ক্লান্তি/দুর্বলতা | সাধারণ | কখনও কখনও |
| হাঁচি / নাক বন্ধ | কখনও কখনও | সাধারণ |
| গলা ব্যাথা | কখনও কখনও | সাধারণ |
| বুকে অস্বস্তি, কাশি | সাধারণ | হালকা থেকে মাঝারি |
| মাথা ব্যাথা | সাধারণ | বিরল |

সাধারণর কাশি সর্দির কারণে কোন মারাত্মক স্বাস্থ্য সমস্যা দেখা দেয় না। ফ্লুয়ের ক্ষেত্রে কিন্তু উপরের টেবিলে উল্লিখিত লক্ষণগুলো ছাড়াও কিছু কিছু ছেলে মেয়েদের ক্ষেত্রে মারাত্বক সমস্যার সৃষ্টি হতে পারে যার মধ্যে বেদনাদয়ক কানের সংক্রমণ, তীব্র ব্রঙ্কাইটিস এবং নিউমোনিয়ার মতন সমস্যা জড়িত রয়েছে।




## ফ্লু এবং টিকাদানের বিষয়ে আরো জানার জন্য আপনি www.sharegoodtimesnotflu.co.uk তে 'এ নাইটস টেল' দেখতে পারেন।

যদি আপনি কোন পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করেন তাহলে আপনার ডাক্তার, ফার্মাসিস্ট বা নার্সের সাথে কথা বলুন। এতে এমন সকল সম্ভাবিত পার্শ্ব প্রতিক্রিয়া ও অন্তর্ভুক্ত রয়েছে যেগুলো কে প্যাকেজের লিফলেটে তালিকাভুক্ত করা হয় নি। www.mhra.gov.uk/yellowcard এ গিয়ে ইয়েলো কার্ড স্কিমের মাধ্যমে আপনি সরাসরি পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কে রিপোর্ট করতে পারেন। পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কে রিপোর্ট করে আপনি এই ওষুধের নিরাপত্তার বিষয়ে আরো তথ্য প্রদান করতে সাহায্য করছেন।

**www.ShareGoodTimesNotFlu.co.uk**

©AstraZeneca 2020
প্রস্তুতির তারিখ: সেপ্টেম্বর 2020 GB-22550

প্রস্তুতকারক এবং সরবরাহকারী
AstraZeneca